

১৬৬৭ ৫

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/ পিরোজপুর-১৩৫/ ১৬৮৬

তারিখঃ ২০/০৮/২০১৭খ্রিঃ

বিষয়ঃ তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ ১) নং- বামাশিবো/প্রশা/ পিরোজপুর-১৩৫/২৩০৬; তারিখঃ ১৯/০১/২০১৭খ্রিঃ
২) স্মারক নং- ০৫.১০.৭৯৯০.০০৭.১৮.০৬৫.২০১৭-৪৬৯; তারিখঃ ১৭/০৪/২০১৭খ্রিঃ


উপর্যুক্ত বিষয়ের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, পিরোজপুর জেলার জিয়ানগর উপজেলাধীন পত্তাশী এস দাখিল মাদরাসার ভারপ্রাপ্ত সুপার ম্যানেজিং কমিটি অনুমোদনের জন্য কাগজপত্রসহ আবেদন করেন। অপরদিকে বিধি বিধান লঙ্ঘন করে ম্যানেজিং কমিটি গঠন করায় উক্ত ম্যানেজিং কমিটি অনুমোদন না দিয়ে এডহক কমিটি গঠনের অনুমতি প্রদান করার জন্য অভিভাবক সদস্য জনাব মোঃ মোশারেফ হোসেন শিকদার একখানা অভিযোগপত্র দাখিল করেন (কপি সংযুক্ত)।

অভিযোগের বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণ করার জন্য সূত্রে উল্লিখিত ১নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, জিয়ানগর, পিরোজপুরকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা সমাজ সেবা অফিসার, জিয়ানগর, পিরোজপুর এর মাধ্যমে তদন্ত পূর্বক সূত্রে উল্লিখিত ২নং স্মারকে একটি প্রতিবেদন প্রেরণ করেছেন (কপি সংযুক্ত)। অপরদিকে মাদরাসার সাবেক সভাপতি জনাব মোঃ রফিকুল ইসলাম উক্ত তদন্তের বিরুদ্ধে নারাজী প্রদান করে পুনঃ তদন্তের জন্য আবেদন করেছেন (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় অধিকতর স্বচ্ছতার লক্ষ্যে অভিযোগের বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ৩৫...(১২...) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


17.08.17

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮



প্রাপকঃ জেলা প্রশাসক, পিরোজপুর।

নং- বামাশিবো/প্রশা/ পিরোজপুর-১৩৫/

তারিখঃ /০৮/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, জিয়ানগর, পিরোজপুর।
২. জেলা শিক্ষা অফিসার, পিরোজপুর।
৩. ভারপ্রাপ্ত সুপার, পত্তাশী এস দাখিল মাদরাসা, জিয়ানগর, পিরোজপুর।
৪. জনাব মোঃ রফিকুল ইসলাম, সাবেক সভাপতি, পত্তাশী এস দাখিল মাদরাসা, জিয়ানগর, পিরোজপুর।
৫. জনাব মোঃ মোশারেফ হোসেন শিকদার, অভিভাবক সদস্য, পত্তাশী এস দাখিল মাদরাসা, জিয়ানগর, পিরোজপুর।
৬. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪

বরাবর

চেয়ারম্যান,
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ড, ঢাকা।

বিষয়ঃ বামাশিবো/প্রশা/পিরোজপুর-১৩৫/২৩০৬, তাং-১৯-০১-২০১৭ ইং এর তদন্ত রিপোর্ট এর বিরুদ্ধে নারাজি
এবং পুনঃতদন্তের প্রার্থনা।

মহাত্মন,

বিনীত নিবেদন এই যে, আমি নিম্ন স্বাক্ষরকারী পত্তাশী এস, দাখিল মাদ্রাসার সাবেক সভাপতি এবং বর্তমান কমিটির ও সভাপতি। বর্তমান কমিটির বিরুদ্ধে জনৈক মোশারফ শিকদার অভিযোগ দায়ের করিলে ঐ অভিযোগের সত্যতা প্রমাণের জন্য ইন্দুরকানী উপজেলা নির্বাহী কর্মকর্তাকে তদন্তের দায়িত্ব প্রদান করেন। ঐ তদন্ত সম্পর্কে আমি নিম্ন স্বাক্ষরকারী/ভারপ্রাপ্ত সুপার মোফাজ্জেল হোসেন অভিহিত নহেন। সুপার তাজাম্মুল হোসেন নির্বাহী কর্মকর্তাকে ভুল বুঝাইয়া উপজেলা সমাজ সেবা অফিসারকে তদন্তের দায়িত্ব প্রদান করান। সমাজ সেবা কর্মকর্তা কোনো নোটিশ ছাড়া হঠাৎ করে সুপার তাজাম্মুল হোসেন সহ কিছু সংখ্যক লোক নিয়া বিগত ০১/০৩/২০১৭ ইং তারিখে মাদ্রাসায় ডুকিয়া ভারপ্রাপ্ত সুপারকে অবরুদ্ধ করিয়া জোরপূর্বক তার কাছ থেকে কিছু অলিখিত স্টাম্প স্বাক্ষর নেয়। এবং একটি সাদা কাগজে তাহাদের ইচ্ছা মতো লিখাইয়া নেয়। বিষয়টি আমি নিম্ন স্বাক্ষরকারী দাতা সদস্য প্রতিষ্ঠাতা সদস্য সহ অন্যান্য সদস্য অভিহিত হওয়ার পরে থানা নির্বাহী কর্মকর্তার নিকটে বিষয়টি অভিহিত করি। এবং তাহাকে তদন্ত করার জন্য অনুরোধ করি। তিনি আমাদের সাথে ভাল ব্যবহার না করে আমাদেরকে অভিহিত করেন যে, আমি মাদ্রাসা বোর্ডের তদন্ত করিতে বাধ্য নহি। পরে একাধিকবার থানা নির্বাহী কর্মকর্তার নিকটে যাইয়া তাহাকে তদন্ত করার জন্য অনুরোধ করিলে আমাদেরকে পাত্তা দেয় নাই। সর্বশেষ তদন্ত কারী কর্মকর্তা সুপার তাজাম্মুল হোসেন এর বেয়াই এবং একই থানার পাশাপাশি ইউনিয়নের লোক বিধায় মিথ্যা রিপোর্ট তৈরি করে আপনার নিকট দাখিল করিয়াছে। ইতোপূর্বে ও সুপার তাজাম্মুল হোসেন বামাশিবো/প্রশা/পিরোজপুর-১৩৫/৮২৯ নং স্মারকের তদন্ত রিপোর্ট উপজেলা সমাজসেবা কর্মকর্তার মাধ্যমে মিথ্যা রিপোর্ট তৈরি করে আপনার দরবারে দায়ের করিয়া আমার ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার ক্ষতি করেন। প্রকৃত ঘটনা সুপার তাজাম্মুল হোসেন কমিটিকে হয়রানি করার জন্য মোশারফ শিকদারের স্বাক্ষর নিজে দিয়া অভিযোগ দায়ের করিয়াছে। ম্যানেজিং কমিটির নির্বাচন নিয়মতান্ত্রিকভাবে সম্পূর্ণ হইয়াছে। কোন প্রকার অনিয়ম হয় নাই।

সেমতে, প্রার্থনা হুজুর দয়া প্রকাশে তদন্তকারী কর্মকর্তার মিথ্যা রিপোর্ট বাতিলপূর্বক পুনঃ তদন্তের আদেশ দানে মর্জি হয়।

নিবেদক

তারিখঃ- ০৯/০৫/২০১৭ ইং

মোঃ রফিকুল ইসলাম
(মোঃ রফিকুল ইসলাম)
সাবেক সভাপতি
পত্তাশী দাখিল মাদ্রাসা
ইন্দুরকানী, পিরোজপুর।